**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**বিধি-১ শাখা।**
**(www.mopa.gov.bd)**

**পরিপত্র**

নং- ০৫.০০.০০০০.১৭০.০৬.০৩৬.১৩- ২৬

তারিখঃ ২৪ মাঘ, ১৪৩০
০৭ ফেব্রুয়ারি ২০২৪

**বিষয়ঃ মন্ত্রণালয়/বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরসমূহের ১১-২০ গ্রেডের পদে নিয়োগ/পদোন্নতি/ টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান বিষয়ক কমিটি।**

সরকারের সিদ্ধান্ত অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ এবং অধিদপ্তর/পরিদপ্তর এর ক্ষেত্রে রাজস্বখাতভুক্ত ১১-২০ (পূর্বের তৃতীয় ও চতুর্থ শ্রেণি) গ্রেডের পদে সরাসরি নিয়োগ/পদোন্নতির মাধ্যমে পূরণের জন্য পূর্বে জারিকৃত পরিপত্রসমূহ রহিত করিয়া নিম্নরূপ বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি গঠন করা হইল:

**১। মন্ত্রণালয়/বিভাগ এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি:**

**(ক) কমিটির গঠন:**

| | | |
|---|---|---|
| ১। | প্রশাসনিক মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | অর্থ বিভাগের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৫। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/ সিনিয়র সহকারী সচিব | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে সকল মন্ত্রণালয়/বিভাগের বেতন স্কেল এর ১১-২০ গ্রেডের পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল,২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

(৩) কোনো বিশেষজ্ঞ /কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি কোনো দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

DPC

**২। সরকারি দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর জন্য গঠিত বিভাগীয় নিয়োগ/পদোন্নতি/টাইমস্কেল/সিলেকশন গ্রেড প্রদান কমিটি:**

**(ক) কমিটি গঠন:**

| | | |
|---|---|---|
| ১। | দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তর এর যুগ্মসচিব/ সমগ্রেডভুক্ত পদের একজন কর্মকর্তা | সভাপতি |
| ২। | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৩। | প্রশাসনিক মন্ত্রণালয়ের উপসচিব/সিনিয়র সহকারী সচিব পর্যায়ের একজন প্রতিনিধি | সদস্য |
| ৪। | বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের উপপরিচালক/সহকারী পরিচালক পর্যায়ের একজন প্রতিনিধি (যদি সম্ভব হয়) | সদস্য |
| ৫। | দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তর এর উপপরিচালক বা সমগ্রেডের একজন কর্মকর্তা | সদস্য সচিব |

**(খ) কমিটির কার্যপরিধি:**

(১) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড (বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের আওতা বহির্ভূত) পদে সরাসরি নিয়োগ/পদোন্নতি প্রদানের জন্য সুপারিশ প্রদান;

(২) সংশ্লিষ্ট নিয়োগবিধির শর্ত পূরণ সাপেক্ষে দপ্তর/ অধিদপ্তর/পরিদপ্তরের বেতন স্কেল এর ১১-২০ গ্রেড পদে টাইম স্কেল/সিলেকশন গ্রেড প্রদানের সুপারিশ (জাতীয় বেতন স্কেল, ২০০৯ অনুযায়ী ১৪ ডিসেম্বর, ২০১৫ পর্যন্ত প্রাপ্য বকেয়া থাকলে);

(৩) কোনো বিশেষজ্ঞ/কারিগরি জ্ঞানসম্পন্ন প্রতিনিধির প্রয়োজন হইলে, সেইক্ষেত্রে সরকারি কোনো দপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধিকে উক্ত কমিটিতে অন্তর্ভুক্ত করা যাইবে।

৩। কমিটিতে সভাপতি ও সদস্য সচিব হিসেবে সমগ্রেডের কর্মকর্তা না থাকিলে সেইক্ষেত্রে উর্ধ্বতন গ্রেডের কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করা যাইবে। যদি কোনো দপ্তরে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তা নিয়োগকারী কর্তৃপক্ষ হয়ে থাকে তাহলে এক গ্রেড নিম্ন পর্যায়ের কর্মকর্তাকে প্রশাসনিক মন্ত্রণালয়/বিভাগের সচিবের অনুমোদনক্রমে উক্ত দায়িত্ব পালনের জন্য কমিটিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

৪। যে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের প্রধান কার্যালয় ঢাকার বাহিরে সে সমস্ত অধিদপ্তর/পরিদপ্তরের জন্য গঠিত বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটিতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের পক্ষে সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসক কর্তৃক মনোনীত জেলা অফিসে কর্মরত অতিরিক্ত জেলা প্রশাসক প্রতিনিধিত্ব করিতে পারিবেন। তদরূপ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় এবং সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও অন্যান্য মন্ত্রণালয় প্রয়োজন হইলে ঢাকার বাহিরে অবস্থিত কমিটি সমূহে তাহাদের বিভাগীয় অফিস হইতে প্রতিনিধি মনোনয়ন দিতে পারিবেন।

৫। প্রশাসনিক বিভাগ ও জেলা পর্যায়ের বিভিন্ন দপ্তর তাহাদের আওতাধীন অফিসসমূহে যে সকল নন গেজেটেড পদ নিজেরা পূরণ করিয়া থাকেন, তাহাদের জন্য প্রার্থী বাছাইয়ের দায়িত্ব ২৪-০৪-১৯৭৬ তারিখের ইডি/আর-১/এম-৫/৭৬-৫৯ নম্বর অফিস আদেশের মাধ্যমে Divisional Selection Board এর উপর ন্যস্ত করা হইয়াছে, যা এখনও বলবৎ আছে। উক্ত বোর্ড নিম্নোক্ত শ্রেণির নন গেজেটেড পদে নিয়োগ ও পদোন্নতি বিবেচনা করিবেনঃ—

(১) বিভিন্ন অধিদপ্তর ও পরিদপ্তরের বিভাগীয় পর্যায়ের পদসমূহ যাহা অধিদপ্তর/পরিদপ্তর প্রধান কর্তৃক কেন্দ্রীয়ভাবে পূরণ করা হয় না;

(২) জেলা ও আওতাধীন দপ্তরসমূহের পদসমূহ।

৬। উপরোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে অনুসরণ এবং প্রশাসনিক নিয়ন্ত্রণাধীন সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে অবহিত করিবার জন্য অনুরোধ করা হইল।

৭। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

০৮/০৮/২০২৪

(মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী)
সিনিয়র সচিব

বিতরণঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/ মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।

২। সিনিয়র সচিব/সচিব, ..................................................................সকল মন্ত্রণালয়/বিভাগ।
(তাঁহার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/সংস্থা/দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করিবার অনুরোধসহ)

৩। হিসাব মহা নিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।

৪। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।

৫। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য এবং গেজেটের ১০০ শত কপি প্রেরণের অনুরোধসহ)।

৬। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, পিএসিসি, জনপ্রশাসন মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

DPC